

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. তৃতীয় অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সালাত আদায়

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا كَانَ الْحَرُّ أَبْرَدَ بِالصَّلَاةِ وَإِذَا كَانَ الْحَرُّ أَبْرَدَ بِالصَّلَاةِ وَإِذَا كَانَ الْبَرْدُ عَجَّلَ. رَوَاهُ النَّسَائِيُّ

বাংলা

৬২০-[৩৪] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম (যুহরের সালাত সোলাত/নামায/নামাজ)) গরমকালে ঠাণ্ডা করে (গরম কমলে) আদায় করতেন আর শীতকালে আগে আগে আদায় করতেন। (নাসায়ী)[1]

ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ৪৯৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: গরমের সময়ে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহরের সালাতকে গরম একটু কমলে আদায় করতেন। এ হাদীস দ্বারা গরমের সময় যুহরের সালাতকে প্রথম ওয়াক্ত থেকে একটু পিছিয়ে আদায় করার বৈধতা প্রমাণিত হয়। তবে জুমু'আর সালাত (সালাত/নামায/নামাজ) দেরী করে আদায়ের বৈধতা নিয়ে মতানৈক্য রয়েছে। যারা জুমু'আর সালাত দেরী করে আদায় করার পক্ষে তাদের নিকট যুহরের সালাতের উপর জুমু'আহকে ক্বিয়াস করা ছাড়া কোন দলীল নেই। এ ব্যাপারে জুমু'আর খুৎবাহ্ ও সালাত অধ্যায়ে আলোচনা আসবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন